

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শুংখলা শাখা

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৪.১৭-

তারিখঃ ১০/১২/১৭ খ্রি.

বিষয়ঃ ডাঃ হালিমুর রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), চন্দনাইশ, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) বিধি মোতাবেক যথাক্রমে “অসদাচরণ” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি, ডাঃ হালিমুর রহমান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), চন্দনাইশ, চট্টগ্রাম গত ০২.০৩.২০১১ খ্রি. হতে ০১.০৫.২০১১ খ্রি. পর্যন্ত মোট ৬১ দিনের অর্জিত ছুটি গ্রহণ করে কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি শেষে যথারিতি কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। গত ২৫.০৮.২০১৩ খ্রি. এর ৪৫.১৫১.০২৭.০০.০০.০৯০.২০১৩-৩৫৪ নং স্মারক মূলে নোটিশ জারীর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে কেন আপনি উক্ত অপরাধে দন্ডিত হবেন না তার কারণ দর্শাতে এবং ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কিনা তা জানাতে বলা হয়েছিল;

এবং যেহেতু আপনি, উক্ত নোটিশের কোন কারণ দর্শান নাই এবং ব্যক্তিগত শুনানীও প্রদান করেন নাই সেহেতু আপনাকে দোষী সাব্যস্ত করা হয়েছে;

সেহেতু, এক্ষণে আপনাকে এরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) বিধি মোতাবেক যথাক্রমে “অসদাচরণ” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” এর দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগে কেন আপনাকে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হবেনা বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দন্ড প্রদান করা হবে না তা এ নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

(মোঃ সিরাজুল ইসলাম)  
সচিব

ডাঃ হালিমুর রহমান  
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)  
চন্দনাইশ, চট্টগ্রাম

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৪.১৭- ২৬/১৩

তারিখঃ ২৬/০৯/২০১৭ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

(নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল)

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)

৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চট্টগ্রাম

(নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণসহ অভিযুক্ত কর্মকর্তার নিকট বা প্রয়োজনে উক্ত কর্মকর্তার

সর্বশেষ জ্ঞাত কর্মস্থল/বাসস্থানে লটকায় জারী করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল)

৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,

ঢাকা (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)

৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চন্দনাইশ, চট্টগ্রাম

মোঃ আব্দুল কুদ্দুস খান  
সহকারী সচিব ২৬/১৩  
ফোন-৯৫৪৬৬৫৫